

তারিখ 25 SEP 1987

পৃষ্ঠা ।

## ছাত্র ধর্মঘট পালিত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

বৰ্ধিত ছাত্র বেতন প্রত্যাহার,  
বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের আধিক  
দায়িত্ব সরকার কর্তৃক গ্রহণ, ক্যাডেট  
কলেজ, মডেল স্কুল, কিংগুরি গার্টেন  
বাতিল, করিয়া অভিয় পক্ষতির  
শিক্ষা ব্যবস্থা চালু, বিনামূলে শিক্ষা  
উপকরণ সরবরাহ ও বন্যাদুর্গত  
অঙ্গলে, ছাত্র বেতন সংকুচের  
দাবীতে গতকাল (বহস্পতিবার)  
ছাত্র ধর্মঘট পালিত হইয়াছে।  
ক্ষেত্ৰীয় ছাত্র সংগ্রাম পরিষদের  
(শেষ পঃ ৮-এর কঃ দ্রঃ)

### ছাত্র ধর্মঘট পালিত

(১ম পঃ পর)

উভয় অংশ ও সংগ্রামী ছাত্র জোটের  
আবানে এই ছাত্র ধর্মঘটের দিনে  
গতকাল নগরীর বিভিন্ন শিক্ষা প্রতি  
ষ্ঠানে ক্লাস হয় নাই। ছাত্র-ছাত্রীরা  
ক্লাস বর্জন করিয়া স্ব স্ব শিক্ষা-  
প্রতিষ্ঠানের ক্যাম্পাসসহ নগরীর  
বিভিন্ন বাস্তায় মিছিল বাহির করে।  
ছাত্র সংগ্রাম পরিষদ এ উপলক্ষে  
চাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে  
পৃথক মিছিল শেষে মধুর কেন্টি-  
নের সামনে এক সভার আয়োজন  
করে। ছাত্র সংগ্রাম পরিষদ এক  
প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল সারাদেশে  
ছাত্র ধর্মঘট পালনের কথা জানা-  
ইয়াছে।

দাবী আদায়ের লক্ষ্যে ছাত্র  
সংগ্রাম পরিষদের উভয় অংশ  
জাতীয় ছাত্রলীগ ১লা অক্টো-  
বৰ হইতে ১৫ই 'অক্টোবৰ পর্যন্ত'  
'প্রতিরোধ পক্ষ' পালনের যুগপৎ  
কর্মসূচী ঘোষণা করিয়াছে।  
'প্রতিরোধ পক্ষের' শেষদিন ১৮ই  
অক্টোবৰ চাকায় শিক্ষাবনসহ  
দেশের জেলা-উপজেলা শিক্ষা  
দফতরের সামনে বিক্ষোভ প্রদর্শন  
করা হইবে।

আমাদের জাহাঙ্গীরনগর বিশ্ব-  
বিদ্যালয় সংবাদদাতা জানান, গত  
কাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে  
আংশিক ধর্মঘট পালিত হইয়াছে।  
কয়েকটি বিভাগের ক্লাস চলিয়াছে।  
প্রশাসনিক সরকার কাজকর্ম চাল-  
চিল।